# আবেদনকারীর জন্য নির্দেশাবলী

১) আবেদনপত্রটি ডাউনলোড করিতে হইবে অথবা একই বিন্যাসে আবেদন করিতে পারেন। আবেদনপত্রটি নির্দেশ অনুযায়ী যথাযথভাবে পুরণ করিতে হইবে।

২) আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় সকল সংযুক্তি পত্রগুলি দৃঢ়ভাবে সংযুক্ত করিতে হইবে। কেবলমাত্র প্রাসঙ্গিক নথিপত্রের স্ব-প্রত্যয়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে। কোনরূপ আসল বা মূল প্রামাণ্যপত্র সংযুক্ত করিবার প্রয়োজন নাই।

৩) সকল সংযুক্তিপত্র সহিত আবেদনপত্রটি একটি মাত্র খামে মুখবন্ধ অবস্থায় নিম্নে প্রদত্ত তালিকাভূক্ত কেন্দ্রে স্থায়ী ঠিকানা অনুসারে নির্ধারিত জেলার জন্য নির্দিষ্ট বাক্সে জমা করিতে হইবে। ব্যতিক্রমে আবেদনপত্রটি নির্ধারিত তারিখের মধ্যে সাধারণ ডাকে বা ক্যুরিয়ার সার্ভিসের মাধ্যমে পাঠানো যাইতে পারে। তবে সেক্ষেত্রে ডাকে প্রাপ্তির বিলম্বের জন্য এই দপ্তর দায়ী থাকিবে না। প্রাপ্তি স্বীকার চাহিয়া রেজিষ্টার্ড ডাক / স্পীড পোষ্টে কোন আবেদনপত্র পাঠানো যাইবে না।

৪) লক্ষনীয় যে বিজ্ঞাপন দেওয়ার পর হইতে সাতটি কর্মদিবসের মধ্যে আবেদনপত্রটি গ্রহণের প্রক্রিয়াটি সমাপ্ত হইবে।

৫) আবেদনকারীর বাসস্থান অনুসারে নিম্নে উল্লিখিত তালিকাভুক্ত মুখ্য বনপালের নিকট আবেদন করিতে হইবে।

| বসবাসকারীর জেলা | আবেদন করুন |
|---|---|
| বীরভূম<br>পশ্চিম বর্ধমান<br>পূর্ব বর্ধমান | মুখ্য বনপাল, দক্ষিণ-পূর্ব |
| হুগলী<br>হাওড়া<br>কলকাতা | মুখ্য বনপাল, সংরক্ষণ ও প্রসারণ |
| দক্ষিণ ২৪ পরগণা<br>উত্তর ২৪ পরগণা<br>নদীয়া<br>মুর্শিদাবাদ | মুখ্য বনপাল ও ক্ষেত্র অধিকর্তা, সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প |
| মালদহ<br>উত্তর দিনাজপুর<br>দক্ষিণ দিনাজপুর | মুখ্য বনপাল, বন্যপ্রাণ (উত্তর) |
| বাঁকুড়া<br>পুরুলিয়া | মুখ্য বনপাল, দক্ষিণ-পশ্চিম |
| পূর্ব মেদিনীপুর<br>পশ্চিম মেদিনীপুর<br>ঝাড়গ্রাম | মুখ্য বনপাল, পশ্চিম চক্র |
| আলিপুরদুয়ার | মুখ্য বনপাল ও ক্ষেত্র অধিকর্তা, বক্সা ব্যাঘ্র প্রকল্প |
| জলপাইগুড়ি<br>কুচবিহার | মুখ্য বনপাল, উত্তর চক্র |
| দার্জিলিং<br>কালিম্পং | মুখ্য বনপাল, পার্বত্য অঞ্চল |